

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৭, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

(শুল্ক)

আদেশ

ঢাকা, ১২ই আশ্বিন, ১৩৯৫/২৭শে সেপ্টেম্বর, ১৯৮৮

নং এস, আর, ও ২১২-আইন/৮৮/১১৫০/শুল্ক।—Customs Act, 1969 (IV of 1969) এর section 21(b)-তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ইহার ৬ই চৈত্র, ১৩৯৩/২১শে মার্চ, ১৯৮৭ তারিখের অদেশ নম্বর এস, আর, ও ৪১-আইন/৮৭/১০৫৫/কাস রহিত করিয়া অনুমোদিত বাস বিডি প্রস্তুতকারক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত নিম্নের টেবিলে বর্ণিত কাঁচামালসমূহ, উহাদের উপর আরোপ্য কাস্টমস ডিউটির মধ্যে যে পরিমাণ কাস্টমস ডিউটি ৩০% গ্যাড ভ্যালোরের হারের অতিরিক্ত হয় সেই পরিমাণ কাস্টমস ডিউটি পরিশোধ ব্যতিরেকে, নিম্ন শর্তে খালাস দেওয়ার অনুমতি প্রদান করিলেন, যথা:—

- (১) উক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহ উক্ত কাঁচামাল আমদানীর ক্ষেত্রে তাহাদের আমদানী-স্বত্ত্বের সীমা অতিক্রম করিবে না;
- (২) রেয়াতীহারে কাস্টমস ডিউটি নগদ প্রদান করিতে হইবে;
- (৩) সাধারণভাবে প্রযোজ্য কাস্টমস ডিউটি ও বিক্রয় কর এবং রেয়াতী হারের ফলে আদায়যোগ্য কাস্টমস ডিউটির পৃথককর সমপরিমাণ যে অর্থের জন্য সংশ্লিষ্ট কাস্টম হাউজ দাবীনামা জারী করিবেন আমদানীকৃত কাঁচামাল আমদানীকারক কর্তৃক যথাযথভাবে বাস বিডি উৎপাদনে ব্যবহৃত হইয়াছে বলিয়া প্রমাণিত না হইলে সেই অর্থ পরিশোধ করিতে আমদানীকারক বাধ্য থাকিবে এই মর্মে আমদানীকারক একটি মূচলেকা প্রদান করিবেন;

(১২৯৫৭)

মুদ্রা: ৩০ পরমা

- (৪) প্রতিটি কাঁচামালের নাম ও আইটেমওয়ারী বার্ষিক আমদানী-স্বত্বের পরিমাণ এবং তাহার মধ্যে আমদানীকারক কোনটি কি পরিমাণ আমদানী করিবেন তাহা শিল্প দপ্তর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্রের মাধ্যমে আমদানীকারক মাল খলাসের সময়ে সংশ্লিষ্ট কাস্টম হাউসকে জ্ঞাত করিবেন;
- (৫) উপরোক্ত দাবীনামা প্রত্যাহার করাইতে হইলে আমদানীকৃত মালামালের যথাযথ ব্যবহার হইয়াছে এই মর্মে শিল্প দপ্তরের এক ট প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে এবং অনুরূপ প্রত্যয়ন পত্র ব্যতীত দাবীনামা প্রত্যাহার করা হইবে না; এবং
- (৬) বাস বর্ড তৈরী এবং বাসটির রোজমেন্টেশন সমাপ্ত হওয়ার পর সংশ্লিষ্ট এলাকায় কাস্টম ও এক্সাইজের বিভাগীয় ডেপুটি বা সহকারী কালেক্টর কর্তৃক তদসম্পর্কে ইস্যুকৃত প্রত্যয়ন পত্রের ভিত্তিতে উপরোক্ত দাবীনামা প্রত্যাহার করা হইবে এবং মডুলেকা পত্র রদ করা হইবে।

টোবিল

- ১। ইলেকট্র গ্যালভনাইজড্ শীট/জিপি শীট
- ২। এম এস শীট
- ৩। ইম্পাত ও এলুমিনিয়াম টিউব ও চোকোনা টিউব
- ৪। এলুমিনিয়াম/স্টেনলেস স্টীল শীট
- ৫। প্লাস্টিক শীট, পারটেক্স শীট, পিভিসি ম্যাট
- ৬। রেক্সন কাপড়
- ৭। এলুমিনিয়াম চ্যানেল এক্সট্রুশন
- ৮। ৪ মিম এর উর্ধ্ব সাধারণ/নিরাপদ গ্যাস শীট
- ৯। হাতলসহ বিশেষ তালা
- ১০। রিভেট (এলুমিনিয়াম ক্লাইন্ড রিভেট)
- ১১। জ.নালার জন্য পানি নিরোধক, রাবার চ্যানেল, রাবার সল্যুশন
- ১২। সল্জাসহ রুফল্যাম্প।

২। এই আদেশ ১লা জুলাই, ১৯৮৮ সালে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ৩০শে জুন, ১৯৮৯ পর্যন্ত বহাল থাকিবে।

আবদুল কাইউম

প্রথম সচিব (শুল্ক)।

[নিধি নং ১০(৪০)-কাস-১/৮২(অংশ-১)]